**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 03–10–2023**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী প্রফেসর ডা: মানিক সাহা বলেছেন, গ্রামের উন্নয়ন ছাড়া দেশ ও রাজ্যের সার্বিক বিকাশ সম্ভব নয় ।**

**(২) কেন্দ্রীয় উপজাতি বিষয়ক মন্ত্রী অর্জুন মুন্ডার সঙ্গে আজ রাজ্যের সংখ্যালঘু কল্যান দপ্তরের মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া নতুন দিল্লিতে সাক্ষাৎ করেছেন ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ছত্তিশগড় ও তেলেঙ্গানায় বেশ কিছু প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করেন ।**

**(৪) টিএফএ পরিচালিত ঘরোয়া প্রথম ডিভিশন ফুটবল প্রতিযোগিতার সুপার ফোরের দ্বিতীয় খেলাটি আজ ড্র হয়েছে।**

**********************************

**CM :**

মুখ্যমন্ত্রী প্রফেসর ডঃ মানিক সাহা বলেছেন, ত্রিস্তর পঞ্চায়েতের জনপ্রতিনিধিদের মানুষের সমস্যাসমূহ শুনে আন্তরিকভাবে সেই সমস্যা সমাধানের চেষ্টা করতে হবে। তিনি বলেন, কাজের মধ্য দিয়েই জনপ্রতিনিধিদের মানুষের হৃদয়কে স্পর্শ করতে হবে।

আজ অরুন্ধুতিনগরে গ্রাম স্বরাজ ভবনে রাজ্যের পঞ্চায়েত ও ভিলেজ কমিটিগুলিকে ডিজিটাল লেনদেনে সক্ষম হিসাবে ঘোষণা এবং জাতীয় পঞ্চায়েত পুরস্কার ও প্রধানমন্ত্রী আবাস যোজনায় (গ্রামীণ) রাজ্যভিত্তিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী একথা বলেন। অনুষ্ঠানের শুরুতে মুখ্যমন্ত্রী রাজ্যের সমস্ত পঞ্চায়েতরাজ প্রতিষ্ঠানগুলিতে ইউপিআই লেনদেন এবং অরুন্ধুতিনগর পঞ্চায়েতরাজ প্রশিক্ষণ কেন্দ্রের আধুনিক প্রশিক্ষণ মাধ্যম এবং পরিষেবা যেমন পঞ্চায়েত দর্শন (থ্রি-ডি মডেল ভিলেজ), থ্রি ফিগার স্ট্যাচু এবং গ্রাম সভা মডেল, ওয়াক লাইব্রেরী, ওয়ার্ক স্টেশন এবং চাইল্ড কেয়ার রুম ইত্যাদি পরিষেবা বোতাম টিপে উদ্বোধন করেন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, গ্রামের উন্নয়ন ছাড়া দেশ ও রাজ্যের সার্বিক বিকাশ সম্ভব নয়। গ্রামীণ এলাকার উন্নয়নের লক্ষ্যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ত্রিস্তরীয় পঞ্চায়েত রাজ ব্যবস্থাকে শক্তিশালী করার প্রচেষ্টা অব্যাহত রেখেছেন। তিনি বলেন, রাজ্য সরকার প্রতিটি ক্ষেত্রেই স্বচ্ছ নীতি গ্রহণ করে কাজ করছে।

মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ডিজিটাল ভারত গড়ে তোলার আহ্বানে সাড়া দিয়ে রাজ্যে ই-অফিস, ই-ক্যাবিনেট পদ্ধতি চালু করা হয়েছে। ত্রিস্তরীয় পঞ্চায়েতগুলিতে আজ ডিজিটাল লেনদেনের ব্যবস্থা চালুর মাধ্যমে কাগজবিহীন বিষয়টিও যুক্ত হলো। ভারতবর্ষের মধ্যে ত্রিপুরাই প্রথম রাজ্য যেখানে এই ধরণের ব্যবস্থা চালু হয়েছে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, মৈত্রী সেতু, বাংলাদেশের সাথে রেল সহ বিমান যোগাযোগ ব্যবস্থা চালু হয়ে গেলে ত্রিপুরা আগামী দিনে দক্ষিণ পূর্ব এশিয়ার প্রবেশদ্বার হয়ে উঠবে।

অনুষ্ঠানে মুখ্যসচিব জে কে সিনহা বলেন, রাজ্যের ১১৭৬টি গ্রাম পঞ্চায়েত এবং ভিলেজ কমিটিগুলিতে ইউপিআই ভিত্তিক লেনদেন ব্যবস্থা চালু করে ত্রিপুরা সারা দেশে দৃষ্টান্ত স্থাপন করেছে। সম্প্রতি জি-২০ সম্মেলনে ভারতের পাবলিক ডিজিটাল ইনফ্রাস্ট্রাকচারের বিষয়ে সারা বিশ্ব ভারতের প্রশংসা করেছে। অনুষ্ঠানে ইউপিআই লেনদেনের উপর নির্মিত একটি তথ্য চিত্র প্রদর্শিত হয়। অনুষ্ঠানে ৮ জেলার জিলা পরিষদের সভাধিপতিগণ, সহকারি সভাধিপতিগণ, পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান, জেলাশাসকগণ সহ ত্রিস্তর পঞ্চায়েতস্তরের জনপ্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

*************************

**Panchayet & PMAY Award :**

জাতীয়স্তরে বিশেষ কৃতিত্বের জন্য কুমারঘাট ব্লক উপদেষ্টা কমিটি ও রূপাইছড়ি ব্লকের বাগমারা ভিলেজ কমিটিকে অনুষ্ঠানে পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানে জাতীয় পঞ্চায়েত পুরস্কার প্রকল্পে বিশেষ কৃতিত্বের জন্য জেলা ও ব্লকগুলিকে পুরস্কৃত করা হয়েছে। জেলা ক্যাটারগরিতে প্রথম স্থানে রয়েছে পশ্চিম ত্রিপুরা জেলা। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে উত্তর ত্রিপুরা জেলা ও ঊনকোটি জেলা। ব্লক ক্যাটাগরিতে যুগ্মভাবে প্রথম স্থানে রয়েছে উত্তর ত্রিপুরা জেলার কদমতলা ব্লক ও ঊনকোটি জেলার কুমারঘাট ব্লক। দ্বিতীয় স্থানে রয়েছে পশ্চিম ত্রিপুরা জেলার মোহনপুর ব্লক এবং যুগ্মভাবে তৃতীয় স্থান পেয়েছে গোমতী জেলার অমরপুর ব্লক ও দক্ষিণ ত্রিপুরা জেলার ভারতচন্দ্রনগর ব্লক।

অনুষ্ঠানে সুস্থায়ী উন্নয়নের লক্ষ্যমাত্রা পূরণের ক্ষেত্রে ৯টি বিষয়ের উপর বিভিন্ন গ্রাম পঞ্চায়েত ও ভিলেজ কমিটিগুলিকে পুরস্কৃত করা হয়েছে।

প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ প্রকল্পে বিশেষ কৃতিত্বের জন্য জেলা পর্যায়ে প্রথম পুরস্কার পেয়েছে উত্তর ত্রিপুরা জেলা। পুরস্কার স্বরূপ শংসাপত্র, স্মারক এবং ১.৫ লক্ষ টাকার চেক দেওয়া হয়। দ্বিতীয় পুরস্কার পেয়েছে ঊনকোটি জেলা। পুরস্কার হিসেবে পেয়েছে শংসাপত্র, স্মারক এবং ১ লক্ষ ২৫ হাজার টাকার চেক দেওয়া হয়। তৃতীয় পুরস্কার পেয়েছে সিপাহীজলা জেলা। পুরস্কার হিসেবে শংসাপত্র, স্মারক এবং ১ লক্ষ টাকার চেক দেওয়া হয়। প্রধানমন্ত্রী আবাস যোজনা-গ্রামীণ প্রকল্পে বিশেষ কৃতিত্বের জন্য প্রতিটি জেলা থেকে বেস্ট পারফর্মিং ব্লকের পুরস্কারও দেয়া হয়েছে। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী এবং অন্যান্য অতিথিগণ সংশ্লিষ্টদের হাতে পুরষ্কার তুলে দেন।

**********************

**Sukla charan Noyatia :**

কেন্দ্রীয় উপজাতি বিষয়ক মন্ত্রী অর্জুন মুন্ডার সঙ্গে রাজ্যের সংখ্যালঘু কল্যান দপ্তরের মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া আজ নতুন দিল্লিতে সকোট করেন। তিনি জানিয়েছেন, কেন্দ্রীয় মন্ত্রীর সঙ্গে রাজ্যের জনজাতিদের উন্নয়নের বিভিন্ন বিষয়ে আলোচনা হয়েছে। এছাড়াও বিভিন্ন উন্নয়নের কর্মসূচী নিয়ে আলোচনা হয়েছে বলে জানিয়েছেন শ্রী নোয়াতিয়া।

***********************

**Fishary College :**

লেম্বুছড়াস্থিত কেন্দ্রীয় কৃষি বিশ্ববিদ্যালয়ের অধীন কলেজ অব ফিসারিজ এর রজত জয়ন্তী উৎসব আজ কলেজ ক্যাম্পাসে পালন করা হয়। পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তিনি জাতীয় অঙ্গনে কলেজ অব ফিসারিজ এর বিভিন্ন কার্যক্রম এবং সাফল্যে সন্তোষ প্রকাশ করেন। তিনি কলেজের ভাইস চ্যান্সেলার, ডিন এবং অন্যান্য সংশ্লিষ্ট সব কর্মীদের গৌরবময় ২৫ বছর সফলভাবে পূর্ণ করার জন্য অভিনন্দন জানান। এই কলেজের ৩ জন ছাত্র আইসিএ আর জে আর এফ পরীক্ষায় শীর্ষ স্থান অধিকার করায় প্রশংসা করেন তিনি।

************************

**CM-TMC :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ ত্রিপুরা মেডিক্যাল কলেজের এমবিবিএস পড়ুয়া এক ছাত্রের মুখের গহ্বরে অস্ত্রোপচার করেন। দুর্ঘটনায় ওই ছাত্রের ডান চোয়ালের হাড় ভেঙে গিয়েছিল। হাসপাতাল সূত্রে জানা গেছে, অস্ত্রোপচার সফল হয়েছে।

************************

**Meyor Dipak Majumder :**

পুর নিগমের মেয়র দীপক মজুমদার রাজধানী আগরতলায় অবৈধভাবে ফুটপাথ দখল করে যারা ব্যবসা করছেন তাদের আরো একবার সতর্ক করলেন। তিনি বলেন, লাইসেন্স প্রাপ্ত স্ট্রিট ভেন্ডাদের নিগম বাধা দেবে না। কিন্তু লাইসেন্স থাকার পড়েও

নির্দিষ্ট এলাকায় সরকারী নিয়ম যারা মানবে না তাদের বিরুদ্ধে ব্যাবস্থা নেয়া হবে। এই প্রসঙ্গে মেয়র বলেন,

##########Byte###########

*******************************

**PM, Telangana :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি তেলেঙ্গানার নিজামাবাদে ৮ হাজার কোটি টাকারও বেশি মূল্যের একাধিক উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন এবং কিছু প্রকল্প দেশকে উৎসর্গ করেছেন।

প্রধানমন্ত্রী আজ মনোহরাবাদ ও সিদ্দিপেটের সাথে সংযোগকারী নতুন রেললাইন এবং তেলেঙ্গানার ধর্মবাদ-মনোহরাবাদ এবং মাহাবুবনগর-কুরনুল-এর মধ্যে বিদ্যুতায়ন প্রকল্প সহ রেল প্রকল্পগুলির উদ্বোধন করেন। প্রধানমন্ত্রী ২০টি জেলা সদরে প্রধানমন্ত্রী আয়ুষ্মান ভারত স্বাস্থ্য পরিকাঠামো মিশনের অধীনে ৫০ শয্যার ক্রিটিক্যাল কেয়ার ব্লকের ভিত্তিপ্রস্তরও স্থাপন করেছেন।

অনুষ্ঠানে বক্তৃতায়, প্রধানমন্ত্রী বলেন, কোনো জাতি বা রাষ্ট্রের উন্নয়ন নির্ভর করে বিদ্যুত উৎপাদনের জন্য তার স্বনির্ভর ক্ষমতার উপর।

তেলেঙ্গানার রাজ্যপাল তামিলিসাই সৌন্দর্য্যরাজন এবং কেন্দ্রীয় মন্ত্রী জি কিষাণ রেড্ডি অন্যান্যদের মধ্যে এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

***************************

**PM, Chhattisgarh :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন যে দেশের সম্পদের উপর প্রথম অধিকার দরিদ্রদের। ছত্তিশগড়ের আদিবাসী অধ্যুষিত বস্তার অঞ্চলের বিভাগীয় সদর দফতর জগদলপুরে একটি জনসভায় তিনি বলেন, শ্রেণী বর্ণ নির্বিশেষে দরিদ্রদের মঙ্গলের জন্য সরকার উৎসর্গীকৃত।

প্রধানমন্ত্রী কংগ্রেসের বিরুদ্ধে দেশভাগের অভিযোগ করেন।

তিনি বলেন যে কেন্দ্রের বিজেপি নেতৃত্বাধীন সরকারের আদিবাসী উন্নয়নের জন্য তহবিল বরাদ্দ কংগ্রেসের তুলনায় পাঁচগুণ ছাড়িয়ে গেছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ছত্তিশগড়ের জগদলপুরে ২৬ হাজার কোটি টাকারও বেশি মূল্যের উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন।

*****************************

**Mobbosor ali :**

ত্রিপুরা ওয়াকফ বোর্ডের নতুন চেয়ারম্যান হিসেবে আজ দ্বায়িত্বভার গ্রহণ করলেন মব্বস্বর আলী। তাঁকে স্বাগত জানান বোর্ডের প্রাক্তন চেয়ারম্যান শাহ আলম মজুমদার। এছাড়া উপস্থিত ছিলেন সংখ্যালঘু কল্যাণ দপ্তরের অধিকর্তা দশরথ দেব্বর্মা ও দপ্তরের যুগ্ম সি ই ও মোহাম্মদ হাসিফুদ্দিন। দ্বায়িত্ব নিয়ে মব্বস্বর আলী জানান, সরকার যেই কাজ তাকে দিয়েছে তিনি নিষ্ঠার সাথে তা পালন করবেন।

*************************

**CITU :**

সি আই টি ইউ'র উদ্যোগে আজ আগরতলায় ওয়ার্ল্ড ফেডারেশন অফ ট্রেড ইউনিয়নের ৭৮তম প্রতিষ্ঠা দিবস পালন করা হয়। এই উপলক্ষে আজ সকালে সি আই টি ইউর কেন্দ্রীয় কার্যালয়ে সংগঠনের পতাকা উত্তোলন করেন সিটুর রাজ্য সভাপতি মানিক দে। দিনটির তাৎপর্য ব্যাখ্যা করে তিনি বলেন, এই সংগঠনের মূল লক্ষ্য শ্রমজীবী মানুষের কাজের অধিকার নিশ্চিত করা ও জীবন জীবিকার ক্ষেত্রে সমস্ত সমস্যা সমাধানের জন্য আন্দোলন জারি রাখা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিটুর রাজ্য সম্পাদক শংকর প্রসাদ দত্ত।

*************************

**CITU-Belonia :**

সিপিআইএম'এর উদ্যোগে আজ বিলোনিয়াতেও ওয়ার্ল্ড ফেডারেশন অফ ট্রেড ইউনিয়নের ৭৮তম প্রতিষ্ঠা দিবস উদযাপন করা হয়। এই উপলক্ষ্যে বিলোনিয়ায় সিপিআইএম কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে দলীয় পতাকা উত্তোলন করেন সংগঠনের দক্ষিণ জেলা কনভেনার বিপ্লব সান্যাল। বক্তব্য রাখেন সিপিআইএম বিলোনিয়া বিভাগীয় কমিটির সম্পাদক তাপস দত্ত। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিপিআইএম দক্ষিণ জেলা সম্পাদক বাসুদেব মজুমদার, বিধায়ক অশোক মিত্র, শ্রমিক নেতা কাজল দাস, কৃষক নেতা বাবুল দেবনাথ প্রমুখ।

***************************

**Sonamura press club :**

আজ সোনামুড়া প্রেস ক্লাবের উদ্যোগে সোনামুড়া টাউন হলে সাংবাদিক আব্দুল সাত্তারে'র স্মরণসভা অনুষ্ঠিত হয়। 'স্মরণে

সাংবাদিক সাত্তার " শিরোনামে আয়োজিত এই স্মরণসভায় কর্মরত সাংবাদিকরা ছাড়াও  উপস্থিত ছিলেন সোনামুড়ার মহকুমা শাসক মানিকলাল দাস ,সোনামুড়া বিধানসভা কেন্দ্রের বিধায়ক শ্যামল চক্রবর্ত্তী,সোনামুড়া নগর পঞ্চায়েতের ভাইস-চেয়ারপার্সন শাহজাহান মিয়া, দৈনিক সংবাদ পত্রিকার বার্তা সম্পাদক প্রদীপ দত্ত ভৌমিক, বরিষ্ঠ সাংবাদিক স্বপন চক্রবর্ত্তী, সোনামুড়া প্রেস ক্লাবের সম্পাদক অভিজিৎ বর্ধন, সভাপতি বিপ্লব চক্রবর্ত্তী, প্রয়াতের স্ত্রী নাসরিন আক্তার লিজা সহ সমাজের বিভিন্ন অংশের মানুষ। স্মরণসভায় প্রত্যেকেই প্রয়াতের স্মৃতিচারণ করে শ্রদ্ধা নিবেদন করেন। উল্লেখ্য গত ২০শে আগস্ট প্রায় দেড় বছরের রোগভোগের পর প্রয়াত হন দৈনিক সংবাদে কর্মরত সোনামুড়ার সাংবাদিক আব্দুল সাত্তার।

*******************************

**Deputation :**

ত্রিপুরা প্রাইভেট ট্রান্সপোর্ট মজদুর মহা সংঘ ১১ দফা দাবির ভিত্তিতে আজ ট্রান্সপোর্ট কমিশনারের কাছে ডেপুটেশন প্রদান করে। সংগঠনের সর্বভারতীয় সভাপতি অসীম দত্ত জানিয়েছেন, উল্লেখযোগ্য দাবিগুলির মধ্যে রয়েছে ট্রান্সপোর্ট শ্রমিক কল্যাণ বোর্ড গঠন করা, শ্রমিকদের পেনশনের ব্যবস্থা করা, বৈদ্যুতিক অটোকে পারমিটের আওতায় আনা।

***************************

**Wild Life Conservation week :**

গতকাল থেকে রাজ্যেও জাতীয় বন্যপ্রাণী সপ্তাহ উদযাপন শুরু হয়েছে।  আগামীকাল জাতীয় বন্য প্রাণী কল্যান দিবস উদযাপন

করা হবে। রাজ্য সরকারের বন্যপ্রাণী সংরক্ষণ বিভাগের আধিকারিক কৃষ্ণগোপাল রায় আকাশবাণীকে জানান, বন্যপ্রাণী সপ্তাহ উদযাপনের অঙ্গ হিসাবে রাজ্যের সব কয়টি অভয়ারণ্যে, বন দপ্তরের কার্যালয়ে বিভিন্ন কর্মসূচী গ্রহন করা হয়েছে, এর মধ্যে রয়েছে সচেতনতামূলক প্রভাতফেরী, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, বিতর্ক প্রতিযোগিতা, ক্যুইজ প্রতিযোগিতা, বাই সাইকেল র‍্যালি, স্বচ্ছতা অভিযান, রক্তদান শিবির, বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা ইত্যাদি।

***************************

**Krishak sabha :**

উত্তরপ্রদেশের লখিমপুরে কৃষক হত্যার অভিযুক্তদের শাস্তির দাবিতে আজ আগরতলায় বিক্ষোভ মিছিল করেছে সারা ভারত কৃষক সভা। শহরের মিছিলের পর সভা হয় ওরিয়েন্ট চৌমুহনীতে। সভায় সংযুক্ত কিষান মোর্চার রাজ্য কমিটির আহ্বায়ক পবিত্র কর জানান, আজ রাজ্যের ১৯টি মহকুমায় কালাদিবস পালিত হয়েছে। সভায় সিআইটিইউ-র সাধারন সম্পাদক শংকর দত্ত অভিযোগ করেন, দেশে বেকারদের প্রতি অবিচার চলছে। আলোচনা করেন, রাজ্য কৃষক সভার সভাপতি অঘোর দেববর্মা সহ অন্যরা।

*****************************

**Super League :**

টিএফএ পরিচালিত ঘরোয়া প্রথম ডিভিশন ফুটবল প্রতিযোগিতার সুপার ফোরের দ্বিতীয় খেলাটিও আজ ড্র হয়েছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সুপার ফোরের লড়াইয়ে রামকৃষ্ণ ক্লাব ও এগিয়ে চলো

সংঘ গোলশূন্য ভাবে খেলা শেষ করে। ফলে উভয় দল এক পয়েন্ট করে পায়।

************************

**Jolaibari Football :**

জোলাইবাড়ি ফুটবল এসোসিয়েশন আয়োজিত শ্যামাপ্রসাদ মুখার্জী স্মৃতি নকআউট ফুটবল টুর্নামেন্টের প্রথম কোয়ার্টার ফাইনাল ম্যাচে লক্ষীছড়া ফুটবল একাদশ ৬-০ গোলে হারায় ও মাসুম পাথর ফুটবল একাদশকে। আজ জোলাইবাড়ি দ্বাদশ স্কুল মাঠে ম্যাচের শুরু থেকে একক প্রাধান্য নিয়ে খেলে বিজয়ী দল লক্ষীছড়া ফুটবল একাদশ। বিজয়ী দলের গিলবার্ট ডারলং তিনটি ও মাসারাই রিয়াং, মদন ও খাকচান জমাতিয়া ১টি করে গোল করেন।

***************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ বত্রিশ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন পঁচিশ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল বত্রিশ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলার বিক্ষিপ্তভাবে বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। দক্ষিন জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বর্ষণের সতর্কতা জারি করা হয়েছে।

****************************